ব্যক্তিগত ঋণ

ঋণ পরিশোধ

Q: "আমি কি আমার EMI তারিখ পরিবর্তন করতে পারি?"

A: "Navi অ্যাপের হোম স্ক্রীনের EMI ক্যালেন্ডার বিকল্পে আপনি আপনার EMI তারিখ দেখতে পাবেন। এই মুহূর্তে EMI তারিখ বদলানোর কোনও বিকল্প নেই।"

Q: "কোথায় আমি টাকা প্রদানের বিকল্প ও সময়সূচী দেখতে পাবো?",

A: "আপনার নথিভুক্ত করা E-mandate-এর মাধ্যমে আপনার EMI প্রদান প্রক্রিয়াটি সম্পন্ন করা হবে। হোম স্ক্রীনের Pay Now বোতামটির দ্বারাও আপনি টাকা দিতে পারেন। আপনি আপনার EMI পরিশোধের সময়সূচী দেখার বিকল্পটি Navi অ্যাপের মেনু বিভাগে খুঁজে পাবেন।"

Q: "বিলম্বিত টাকা প্রদানের জন্য কি কোন শাস্তিমূলক সুদ দিতে হয়?",

A: "বিলম্বিত ঋণ পরিশোধের ক্ষেত্রে, আপনার বাকি থাকা টাকার পরিমানের সঙ্গে একটা বিলম্বের জরিমানা ধার্য করা হয়। আমরা শাস্তিমূলক সুদ সংগ্রহ করি না।"

Q: "আমি কি আংশিক ভাবে আমার EMI দিতে পারি?",

A: "হ্যাঁ। আপনি কাস্টম পেমেন্ট বিকল্পটি বাছতে পারেন এবং আংশিক EMI দিতে পারেন।"

Q: "আমি ভুল করে দু বার টাকা দিয়ে ফেলেছি। এবার কি হবে?",

A: "আমরা 48 ঘণ্টার মধ্যে অতিরিক্ত টাকাটা IMPS-এর মাধ্যমে আপনার ব্যাংক অ্যাকাউন্ট-এ ফেরত দিয়ে দেবো।"

Q: "আমার NACH ব্যর্থ হয়ে গেছে। এবার আমি কিভাবে টাকা দিতে পারবো?",

A: "আপনি Navi অ্যাপের \"Pay Now\" বোতামের দ্বারা টাকা দিতে পারেন। অনুগ্রহ করে Navi অ্যাপের হোম স্ক্রীন ভালো করে দেখুন।"

Q: "আমার NACH থেকে টাকা কেটে নেওয়া হয়েছে কিন্তু অ্যাপে টাকার পরিমান আপডেট করা হয় নি?",

A: " কখনও কখনও অ্যাপে টাকার পরিমান আপডেট করতে 48 ঘণ্টা পর্যন্ত সময় লাগে। আরও বেশি দেরি হলে, অনুগ্রহ করে help@navi.com -তে যান।"

Q: " কি হবে যদি EMI তারিখটি রবিবার বা ব্যাংকের কোন ছুটির দিনে হয়?",

A: "যদি ব্যাঙ্কের কোন ছুটির দিনে EMI তারিখ পড়ে, স্বয়ংক্রিয় টাকা কাটার পদ্ধতিটি পরবর্তী কর্ম দিবসে সম্পন্ন করা হবে।"

Q: "যদি আমি সময় মত আমার EMI দিতে সক্ষম না হই তাহলে কি হবে?",

E: corporate_finserv@navi.com
T: +91 8951904682
www.navifinserv.com
CIN: U65923KA2012PTC062537

Navi Finserv Private Limited
Formerly known as Chaitanya Rural Intermediation Development Services Pvt Ltd
Ground Floor, Salarpuria Business Center, No 93, 4th B cross Road, 5th A block, Koramangala Industrial Layout, Bangalore -560095

A: "যদি নির্দিষ্ট তারিখে EMI না দেওয়া হয়, তাহলে বিলম্বের জরিমানা এবং বাউন্স চার্জ দিতে হতে পারে। আপনার সমস্ত EMI গুলি সময় মত দিয়ে একটা ভালো ক্রেডিট স্কোর বজায় রাখার জন্য আপনাকে প্রণোদিত করা হচ্ছে।"

Q: "টাকা প্রদানের বিকল্পটি নিষ্ক্রিয় করা আছে",
A: "নির্দিষ্ট কয়েকটি দিন বাদ দিলে, অ্যাপের মাধ্যমে টাকা দেওয়ার বিকল্পটি আপনার EMI দেওয়ার তারিখের আগে এবং পরে সক্রিয় করা থাকে। অ্যাপ এবং e-Mandate দুটোর মাধ্যমেই দু বার করে ঋণ পরিশোধ এড়ানোর জন্য এই বোতামটি নিষ্ক্রিয় করা থাকে।"

স্বয়ংক্রিয় ঋণ শোধ

Q: "আমার ব্যাংকের তথ্য নিরাপদ আছে তো?",
A: "হ্যাঁ, আমাদের কাছে আপনার ব্যাঙ্কের তথ্য পুরোপুরি নিরাপদ থাকে। আপনার তথ্য নিরাপদ রাখতে আমরা সব থেকে ভালো উপলব্ধ নিরাপত্তার সিস্টেম ব্যবহার করি।"

Q: "আমার ঋণ পরিশোধের সময়সূচী কি?",
A: "আপনি আপনার EMI পরিশোধের সময়সূচী দেখার বিকল্পটি Navi অ্যাপের মেনু বিভাগে খুঁজে পাবেন।"

Q: "কি প্রস্তাব পাওয়া যাচ্ছে - মোট কতোটা সুদ দিতে হবে?",
A: "আপনি EMI সময়সূচী এবং ঋণের স্টেটমেন্ট উল্লেখ করলে যথাক্রমে সেগুলোর পরিমান দেখতে পেতে পারেন। অনুগ্রহ করে আমাদেরকে help@navi.com -তে এই সম্বন্ধে লিখুন, আমরা আপনাকে বিস্তারিত জানিয়ে সাহায্য করবো।"

Q: "আমি কি যেকোনো সময় ঋণ বন্ধ করতে পারি?",
A: "হ্যাঁ, আপনি যখন চাইবেন তখনই ঋণ বন্ধ করতে পারবেন।"

বিবিধ

Q: "আমি কি আমার মোবাইল নম্বর এবং/ অথবা ই-মেল আইডি বদলাতে পারি?",
A: "অনুগ্রহ করে আমাদের help@navi.com –তে লিখে জানান।"

Q: "কিভাবে আমি Navi-র গ্রাহক পরিষেবায় যোগাযোগ করবো?",
A: "অনুগ্রহ করে আমাদের help@navi.com –তে লিখে জানান।"

Q: "আমি কি আমার বর্তমান ঋণের সাথে আরেকটি টপ-আপ ঋণ পেতে পারি?",

A: "হ্যাঁ, বর্তমানে আমরা যোগ্য গ্রাহকদের টপ-আপ ঋণের অনুমতি দিই। আমাদের আভ্যন্তরীণ নীতি এবং নির্দেশিকার ওপর ভিত্তি করে যোগ্যতা নির্ণয় করা হয়। টপ-আপ লোণের জন্য আপনার যোগ্যতা Navi অ্যাপের Navi Finserv Private Limited –এর দ্বারা আপনাকে জানানো হবে।"

Q: "আমার ব্যাংকের তথ্য নিরাপদ তো?",
A: " হ্যাঁ, আমাদের কাছে আপনার ব্যাঙ্কের তথ্য পুরোপুরি নিরাপদ। আপনার তথ্য রক্ষা করতে আমরা সব থেকে ভালো উপলব্ধ নিরাপত্তার সিস্টেম ব্যবহার করি।"

Q: “আমি কি স্থানীয় ভাষায় ঋণ সম্বন্ধে তথ্য জানতে পারি?",
A: “অনুগ্রহ করে help@navi.com –এ আমাদের গ্রাহক সহায়তা টিমের সঙ্গে যোগাযোগ করুন আথবা সাহায্যের জন্য আমাদের +91 81475 44555 এই নম্বরে কল করুন।"

Q: “আমি ইংরেজি বুঝি না। Navi অ্যাপে ঋণ আবেদন প্রক্রিয়াতে আমি কিভাবে এগোতে পারি?",
A: “গ্রাহক সহায়তা টিম আপনাকে স্থানীয় ভাষায় ঋণ আবেদন প্রক্রিয়ায় আপনার সহযোগিতার জন্য খুশি মনে প্রস্তুত। অনুগ্রহ করে help@navi.com –এ আমাদের গ্রাহক সহায়তা টিমের সঙ্গে যোগাযোগ করুন অথবা সাহায্যের জন্য আমাদের +91 81475 44555 এই নম্বরে কল করুন।"

সাধারণ

Q: "NAVI কি?",
A: "Navi হল একটি নতুন যুগের ডিজিটাল প্ল্যাটফর্ম যার মূল উদ্দেশ্য হল অর্থনৈতিক পরিষেবাগুলি সহজ, ব্যবহার্য এবং সাশ্রয়ী করে তোলা। অবিলম্বে কাগজ বিহীন ঋণ পেতে চাইলে আপনি Navi অ্যাপ ব্যবহার করতে পারেন।"

Q: "Navi কি একটি NBFC?",
A: "Navi অ্যাপ হল Navi Technologies Private Limited -এর মালিকানাধীন একটি ডিজিটাল প্ল্যাটফর্ম। Navi অ্যাপে Navi Finserv Private Limited এর দ্বারা ঋণ দেওয়া হয় যা একটি নথিবদ্ধ NBFC।"

ব্যাঙ্ক স্টেটমেন্ট

Q: "আমার নেট ব্যাংকিং লগইন তথ্য কি নিরাপদ?",
A: "আপনার নেট ব্যাংকিং লগইন এবং পাসওয়ার্ড আমাদের কাছে সম্পূর্ণ নিরাপদ এবং সুরক্ষিত। আমরা আমাদের সিস্টেমে এই তথ্য সঞ্চিত রাখি না। এটা শুধুমাত্র আসল সময়ে প্রমাণীকরণের জন্য ব্যবহার করা হয়।"

Q: "কেন আমাকে আমার ব্যাংক স্টেটমেন্ট দেখাতে হবে?",

A: "আপনার ব্যাংক স্টেটমেন্ট তথ্য আপনার জন্য আরও ভালো অফার তৈরি করতে আমাদেরকে সাহায্য করে। আপনি ওই একই অ্যাকাউন্টে ঋণের টাকা গ্রহন করতে চাইলে, এটা আমাদের সাহায্য করে আপনার ব্যাংক অ্যাকাউন্টের বিস্তারিত তথ্য যাচাই করতে।"

Q: " আমি আমার ব্যাংকের নেটব্যাংকিং লগইন বিকল্প দেখতে পাচ্ছি না",
A: "বর্তমানে আমরা 20 টিরও বেশি ব্যাংককে নেটব্যাংকিং লগইন বিকল্প দিচ্ছি। যদি আপনি এই বিকল্প টি দেখতে না পান, তার মানে হল যে আপনার নির্বাচিত ব্যাংকটি এখনও এই সমর্থনের আওতায় আসেনি। যদি আপনি নেটব্যাংকিং লগইন বিকল্প ব্যবহার করতে চান, তাহলে অন্য একটি আলাদা ব্যাংক বাছতে পারেন।"

Q: "PDF আপলোড বিকল্পের জন্য কোন কোন ফাইল ফরম্যাটগুলি গ্রহণযোগ্য?",
A: "শুধুমাত্র আপনার ব্যাংকের পাঠানো ই-স্টেটমেন্টগুলিই এই বিকল্পে গ্রহণযোগ্য । অনুগ্রহ করে মনে রাখবেন স্ক্যান করা ব্যাংক স্টেটমেন্টের প্রতিলিপি গ্রহণযোগ্য নয়।"

Q: "PDF আপলোড বিকল্পে স্টেটমেন্টগুলির তারিখের সময়সীমা কি থাকে?",
A: "আপনাকে সর্বশেষ 6 মাসের ব্যাংক স্টেটমেন্ট জমা দিতে হবে। অনুগ্রহ করে তারিখের সময়সীমা নিশ্চিত করুন।"

Q: "আমার জন্য নেটব্যাংকিং লগইন বিকল্প নিষ্ক্রিয় করা আছে কেনো?",
A: "যদি আপনি নেটব্যাংকিং লগইন বিকল্পে 2 বার ব্যর্থ লগইন প্রয়াস করে থাকেন, তাহলে আমরা 24 ঘণ্টার জন্য এই বিকল্পটি নিষ্ক্রিয় করে দিই। এটা করা হয় কারন পর পর 3 বার ব্যর্থ প্রয়াসের পর, ব্যাংক আপনার লগইন প্রমাণপত্র ব্লক করে দেয়। 24 ঘণ্টা পর আপনি আবার নেটব্যাংকিং লগইন করার চেষ্টা করতে পারেন। এই সময়ের মধ্যে, যদি আপনার সাথে আপনার ব্যাংক স্টেটমেন্ট থাকে, তাহলে আপনি PDF আপলোড বিকল্পটি চেষ্টা করে দেখতে পারেন।"

গৃহ ঋণ

পদ্ধতি

Q: "Navi গৃহঋণের জন্য আমি কিভাবে আবেদন করতে পারি?",
A: " হোম পেজে থাকা গৃহঋণ বোতামে ক্লিক করে Navi গৃহ ঋণের জন্য আবেদন করা যায়।"

Q: "গৃহ ঋণের জন্য Navi কি ধরনের সম্পত্তি অন্তর্ভুক্ত করে?",
A: "নির্মাণকার্য চলতে থাকা, প্রবেশ করার জন্য তৈরি, নিজের দ্বারা নির্মিত এবং বাড়ি কেনার উদ্দেশ্যেও Navi গৃহঋণ দেয়।"

Q: "Navi -র থেকে ইন-প্রিন্সিপাল প্রস্তাব পেতে গেলে আমাকে কি কি তথ্য দিতে হবে?",

A: "আপনাকে শুধু আপনার এবং আপনার সহ আবেদনকারীর PAN (যদি প্রযোজ্য হয়) ও আপনার পছন্দের সম্পত্তির (যদি চূড়ান্ত হয়ে গিয়ে থাকে) কিছু প্রাথমিক তথ্য দিতে হবে।"

Q: "Navi থেকে গৃহঋণ প্রস্তাব পাওয়ার পর আমাকে কি করতে হবে?",
A: "একটা প্রস্তাব পাওয়ার পর, আপনাকে প্রয়োজনীয় কাগজপত্র homeloans@navi.com –এ পাঠাতে হবে অথবা আপনি +91 81475 44555 এই নম্বরে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।"

Q: "আমি কোন সম্পত্তি টা কিনব সেটা এখনও চূড়ান্ত করি নি/ সেটার ব্যাপারে সিদ্ধান্ত নিই নি, তা সত্ত্বেও কি আমি Navi গৃহঋণের জন্য আবেদন করতে পারি?",
A: "হ্যাঁ, আপনার গৃহঋণের প্রয়োজনীয়তা অনুযায়ী Navi-র ঋণের আনুমানিক পরিমান জানতে আপনি আবেদন করতে পারেন।"

Q: "কারা কারা এই ঋণের আবেদনের সহ আবেদনকারী হতে পারেন?",
A: "আপনার স্বামী/ স্ত্রী, বাবা-মা, সন্তান, ভাই বা বোন এই ঋণ আবেদনের সহ আবেদনকারী হত পারেন। ঋণের সহ আবেদনকারী হলেন এমন একজন ব্যক্তি যিনি যৌথ ভাবে গৃহঋণের EMI পরিশোধের দায়িত্ব নিতে পারেন।"

যোগ্যতা

Q: "কোন কোন শহরে Navi গৃহঋণ প্রদান করে?",
A: "কর্ণাটক, তামিলনাড়ু এবং তেলেঙ্গানার নির্দিষ্ট কিছু শহরে Navi তাদের কার্যাবলী শুরু করেছে। বর্তমানে আমরা বেঙ্গালুরু, দাবাঙ্গেরে, গুলবারগা, হুবলি, মাইসোর এবং হায়দ্রাবাদ ও চেন্নাই এর শহরগুলিতে কাজ করছি।"

Q: "Navi গৃহঋণের সুবিধা পাওয়ার সর্বনিম্ন যোগ্যতা কি?",
A: "Navi গৃহঋণের আবেদনের জন্য আপনাকে নুন্যতম 21 বছরের হতে হবে এবং বেতনভুক বা স্বনির্ভর গ্রাহক হতে হবে।"

Q: "আমি একজন স্বনির্ভর ব্যবসায়ি, আমি কি গৃহঋণ পেতে পারি?",
A: "হ্যাঁ, Navi গৃহঋণ স্বনির্ভর গ্রাহকদের জন্যও উপলব্ধ।"

বিক্রয় প্রস্তাব, সুদ এবং ভাড়া

Q: "সম্পত্তির জন্য আমি কত টাকা পেতে পারি?",
A: "Navi আপনাকে দেয় আপনার বাড়ীর মূল্যের 90% টাকা, উদাহরণস্বরূপ, যদি আপনার সম্পত্তির পরিমান 1 কোটি টাকা হয়, তাহলে Navi আপনাকে 90 লাখ টাকা পর্যন্ত গৃহঋণ দিতে পারে।"

Q: "Navi থেক গৃহঋণ নিলে আমি কি কর সুবিধা লাভ করতে পারি?",

A: " হ্যাঁ, ইনকাম ট্যাক্স অ্যাক্ট অনুযায়ী, একজন বাসিন্দা 24(b) বিভাগের অধীনে সুদ দিলে 2,00,000 টাকার এবং মূল টাকা দিলে 1,50,000 টাকা পর্যন্ত কর সুবিধা পেতে পারেন।"

Q: "Navi গৃহঋণের সুদের হার কত? ",
A: "Navi-র সুদের হার শুরু হয় 6.7% থেকে এবং গ্রাহকের প্রোফাইল অনুযায়ী এটাকে সাজিয়ে নেওয়া যায়।"

Q: "Navi গৃহঋণের ফী এবং সময়সূচী কি?",
A: "প্রসেসিং ফী : ঋণের পরিমানের 0.5% যেটা 25,000 টাকা পর্যন্ত হতে পারে। ডকুমেন্টাশান ফী, আইনি ফী, মুল্য নির্ণয়ের ফী: শূন্য। সর্বাপেক্ষা নতুন ফী সম্বন্ধে জানতে (https://www.navifinserv.com/) –তে যান।"

অন্যান্য

Q: "Navi গৃহঋণ পেতে গেলে কি আমাকে বীমা নিতে হবে?",
A: " গৃহঋণের ক্ষেত্রে আমরা আপনাকে জীবন বীমা নেওয়ার পরামর্শ দিই, যাইহোক, আমরা জীবনবীমা নেওয়ার জন্য আপনাকে জোর করবো না। প্রাকৃতিক বিপর্যয় যেমন ভুমিকম্প বা কাঠামোগত ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষা দিতে আমরা আপনাকে সম্পত্তির কাঠামোগত বীমা প্রদান করবো।"

Q: "Pre-EMI কি?",
A: "Pre-EMI হল আংশিক ভাবে নেওয়া ঋণের পরিমানের ওপর একটা সুদ যেটা আংশিক ভাবে এবং আসল EMI শুরুর আগে পাওয়া যায়। এটা প্রধানত নিজ নির্মিত বা নির্মাণ কালে পাওয়া ঋণের ক্ষেত্রে ঘটে।"

Q: "Navi কি ব্যাল্যান্স ট্রান্সফার ঋণ প্রদান করে?",
A: "হ্যাঁ, আমরা ব্যাল্যান্স ট্রান্সফার ঋণ দেওয়া আরম্ভ করেছি।"